



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ [dgmsme@krishibank.org.bd](mailto:dgmsme@krishibank.org.bd)

তারিখঃ ২১/০৯/২০২৩

প্রকা/ক্রেঞ্চিঃ/শাখা-৪(এসএমই)/৭(১)/২০২৩-২৪/ ৭০৮ (২২৮০)

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় :** সিএমএসএমই (কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ) খাতে বিতরণকৃত ঋণসমূহ পরিচালনার জন্য প্রথক হিসাব খাত খোলা ও চলমান সিএমএসএমই খাতের ঋণসমূহ সেক্টরভিত্তিক প্রথক হিসাবখাতে স্থানান্তর প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সিএমএসএমই খাতকে অর্থনৈতিক উন্নয়নের অন্যতম এজেন্ডা বিবেচনায় বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক কৃষির পরই এ খাতকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে অর্থায়ন করা হচ্ছে। সিএমএসএমই খাতের গুরুত্ব ও ব্যাপ্তি দিনকে দিন বৃদ্ধি পেলেও আলাদা কোন হিসাব খাত চালু না থাকায় মাঠ কার্যালয় হতে তথ্য সংগ্রহে তথ্যের ভিন্নতা পরিলক্ষিত হচ্ছে।

০৩। তদপ্রেক্ষিতে সিএমএসএমই খাতের ঋণসমূহের জন্য নিম্নোক্তভাবে সেক্টরভিত্তিক ০৯টি নতুন ঋণ হিসাব উপখাত, সংশ্লিষ্ট ০৯টি প্রতিশন ও ০৯টি আয় উপখাত ইতিমধ্যে CBS এ খোলা হয়েছে:

ক্রঃ নং	খাত			
	বরাদ্দকৃত খাতের শিরোনাম	ঋণ উপখাত	আয় উপখাত	প্রতিশন উপখাত
০১	Short Term CMSME Loan (Manufacturing)	১০১/৩৪	৮৬/১৪৮	১৩১/১৯৭
০২	Short Term CMSME Loan (Service)	১০১/৩৫	৮৬/১৪৫	১৩১/১৯৮
০৩	Short Term CMSME Loan (Trading)	১০১/৩৬	৮৬/১৪৬	১৩১/১৯৯
০৪	Mid Term CMSME Loan (Manufacturing)	১০২/৩৮	৮৬/১৪৭	১৩১/২০০
০৫	Mid Term CMSME Loan (Service)	১০২/৩৯	৮৬/১৪৮	১৩১/২০১
০৬	Mid Term CMSME Loan (Trading)	১০২/৮০	৮৬/১৪৯	১৩১/২০২
০৭	Cash Credit CMSME (Manufacturing)	১০১৪/৬	৮৬/১৫০	১৩১/২০৩
০৮	Cash Credit CMSME (Service)	১০১৪/৭	৮৬/১৫১	১৩১/২০৪
০৯	Cash Credit CMSME (Trading)	১০১৪/৮	৮৬/১৫২	১৩১/২০৫

০৪। নতুন বিতরণকৃত ঋণ হিসাবসমূহ CBS এ উল্লেখিত খাত-উপখাত ভিত্তিক খোলা এবং চলমান ঋণ হিসাবসমূহকে (২৫০০০ কোটি টাকার প্রয়োদন প্যাকেজ ও এসএমই ফাউন্ডেশন এর রিভলভিং ফাউন্ড এর আওতায় বিতরণকৃত ঋণ হিসাবসমূহ ব্যতীত) হিসাবায়নের সুবিধার্থে ৩০ সেক্টরের ২০২৩ তারিখে ত্রৈমাসিক সুদ চার্জ করার পর আগামী ০১/১০/২০২৩ তারিখে নতুন উপখাত অনুযায়ী স্থানান্তর করার জন্য শাখাসমূহকে নির্দেশনা প্রদান করা হলো। প্রয়োজনে ত্রৈমাসিক সুদ চার্জ করার পূর্বেই ঋণ হিসাবসমূহ খোলে রেখে মাসিক সুদ হিসাবায়নের পর নির্দিষ্ট তারিখে অর্থাৎ ০১/১০/২০২৩ তারিখে ঋণ হিসাবসমূহকে স্থানান্তর করা যেতে পারে। উল্লেখ্য যে, সিএমএসএমই এর আওতায় এসএমই ফাউন্ডেশনের ৩০০ কোটি টাকা এবং বাংলাদেশ ব্যাংকের ২৫০০০ কোটি টাকা প্রয়োদন প্যাকেজ পরিচালনার জন্য অত্র বিভাগের ২৮/০৮/২০২২, ৩১/০৮/২০২২ ও ২৪/১১/২০২২ তারিখের পত্র নং যথাক্রমে ৫৩৫, ৫৭৯ ও ১৩০৫ মোতাবেক আলাদা হিসাব খাত খোলা হয়েছে যা চলমান রয়েছে (পত্রের কপি সংযুক্ত)।

চলমান পাতা-০২

৮৪


৪

**বিষয় :** সিএমএসএমই (কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ) খাতে বিতরণকৃত ঋণসমূহ পরিচালনার জন্য পৃথক হিসাব খাত খোলা ও চলমান সিএমএসএমই খাতের ঋণসমূহ সেক্টরভিত্তিক পৃথক হিসাবখাতে স্থানান্তর প্রসঙ্গে।

০৫। এমতাবস্থায়, সিএমএসএমই (কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ) খাতে নতুন বিতরণকৃত ঋণ হিসাবসমূহ সেক্টরভিত্তিক হিসাবায়নের জন্য নতুন খোলা হিসাব খাত/উপখাত ভিত্তিক CBS এ পোষ্টিং প্রদান ও চলমান সিএমএসএমই খাতের ঋণ হিসাবসমূহ (প্রযোজ্যতা অনুসারে) নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে নতুন খাত/উপখাতে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন সহযোগীতার প্রয়োজন হলে আইসিটি সিস্টেমস, কার্ড এবং মোবাইল ব্যাংকিং বিভাগের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বাস



(মোহাম্মদ মনিরুল ইসলাম) ২০২৩

উপমহাব্যবস্থাপক


ফোনঃ ০২-২২৩৩৮৮৯৪৯

তারিখঃ ২১/০৯/২০২৩

প্রকা/ক্রেতিঃ/শাখা-৪(এসএমই)/৭(১)/২০২৩-২৪/ ৭৫৬ (১২০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১,২,৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ড, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত প্রতিটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।



22/09/2023

(মুহাম্মদ মোশাররফ হোসেন )

সহকারী মহাব্যবস্থাপক



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

### ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩০৮৮৯৪৯,

০২২২৩০৮৮৬৬১

ই-মেইল dgmpid@krishibank.org.bd

সার্কুলার লেটার নং-বিকেবি-প্রকা/ক্রেডিটবিথ(শাখা-৪)এসএমই-৬(২)/২০২২-২০২৩/ ৮(৭৮/১২৫০) তারিখঃ ২৮/০৮/২০২২

#### মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় :** করোনা মহামারি প্রেক্ষাপটে সরকারের প্রগোদনা প্যাকেজের আওতায় প্রাণ তহবিল দ্বারা গঠিত এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় মাইজেন্স ও স্ক্রু উদ্যোক্তাদের অনুকূলে মেয়াদি ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণ হিসাবের নতুন খাত খোলা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে পরিকল্পনা ও পরিচালন পরিপন্থ নং ০৭/২০২২ তারিখঃ ০৪/০৮/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০১। উল্লিখিত পরিপন্থ মোতাবেক অংশীদারি ব্যাংক হিসাবে বাংলাদেশ কৃষি ব্যাংক এবং এসএমই ফাউন্ডেশন এর মাঝে রিভলভিং ফান্ড হতে অর্থায়নের লক্ষ্যে বিগত ২৭/০৭/২০২২ তারিখে একটি দ্বিপক্ষিক অর্থায়ন চুক্তিনামা স্বাক্ষরিত হয়েছে। ঋণসমূহ মধ্যমেয়াদী ঋণ হিসাবে বিবেচিত হবে এবং গ্রাহক পর্যায়ে ছয় মাস প্রিয়জনসহ ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ০৩(তিনি) বছর।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রতিমাসের ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্য ও বিবরণী নির্ধারিত ছক অনুযায়ী পরবর্তী মাসের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এসএমই ফাউন্ডেশনকে অনলাইনের মাধ্যমে (সফট কপি) প্রেরণ করতে হবে। হবে। হিসাবায়নের স্বচ্ছতার স্বার্থে এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড হতে পুনরার্থায়নের আওতায় মেয়াদী ঋণ বিতরণের জন্য নিম্নোক্তভাবে একটি আলাদা নতুন খাত/উপর্যুক্ত খোলা হয়েছে।

ক্রঠনঃ	খাত/উপর্যুক্ত শিরোনাম	হিসাব খাত	
		মূল খাত	বরাদ্দকৃত উপর্যুক্ত
০১	এসএমই ফাউন্ডেশন রিভলভিং ফান্ড এর আওতায় মেয়াদী ঋণ।	১০২	১০২/৩৫
০২	এসএমই ফাউন্ডেশন রিভলভিং ফান্ড এর আওতায় মেয়াদী ঋণের সুদ প্রতিশন।	১৩১	১৩১/১৮৫
০৩	এসএমই ফাউন্ডেশন রিভলভিং ফান্ড এর আওতায় মেয়াদী ঋণের সুদ আয়।	৪৬	৪৬/১৩৫

০৪। এমতাবস্থায়, উপরোক্ত পরিপন্থের নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্য ও বিবরণী নির্ধারিত ছক অনুযায়ী পরবর্তী মাসের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এসএমই ফাউন্ডেশনকে অনলাইনের মাধ্যমে (সফট কপি) প্রেরণ করতে হবে বিধায় ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া ঋণ বিতরনের খাতওয়ারী তথ্য দৈনিক ভিত্তিতে Web Portal এন্ড্রি প্রদান করতে হবে। উল্লেখ্য, প্রেরিত মাসিক বিবরণী Web Portal এর সাথে সামঞ্জস্য থাকতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ ঋণ বিতরণ, আদায় কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

(মোহাম্মদ শফিউল ইসলাম)  
উপমহাব্যবস্থাপক

বিষয় : ৪ করোনা মহামারি প্রেক্ষাপটে সরকারের প্রদোদনা প্যাকেজের আওতায় প্রাপ্ত তহবিল দ্বারা গঠিত এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় মাইজেন্স ও স্কুল উদ্যোজাদের অনুকূলে মেয়াদি ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণ হিসাবের নতুন খাত খোলা প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা/ক্রেডিট(শাখা-৪)এসএমই-৬(২)/২০২২-২০২৩/ ১০৮(১২৮)

তারিখ: ২৮/০৮/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ড, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত প্রতিটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

*Mosarraf*  
26/08/2022  
(মুহাম্মদ মোশাররফ হোসল)  
সহকর্মী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক



প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯,

০২২২৩৩-৫৮৬৮১

ই-মেইল: dgmsme@krishibank.org.bd;

সুত্র নং-প্রকা/ক্রেডিট/শাখা-৮(এসএমই)/১১(৮)/২০২২-২৩/

৮৭৮ (১২০)

তারিখঃ ৩১/০৮/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ৪ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন ক্ষীমের আওতায় সিএমএসএমই (CMSME) খাতে মেয়াদী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কুটির, মাইজ্রা, স্কুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানসমূহ (সিএমএসএমই) গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। অন্যান্য উন্নয়নশীল দেশের ন্যায় বাংলাদেশেও সিএমএসএমই খাতের বিকাশ ও উন্নয়নের অপর সম্ভাবনা রয়েছে। বাংলাদেশকে কর্মসংস্থানমুখী ও শিল্পভিত্তিক অর্থনৈতিক দেশে পরিণত করার ক্ষেত্রে সিএমএসএমই খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। দেশের সিএমএসএমই খাতে নিয়োজিত উদ্যোক্তাদের মাঝে সহজশর্তে অর্থ প্রাপ্তির লক্ষ্য সিএমএসএমই উদ্যোক্তাদেরকে অপেক্ষাকৃত ঋণ সুদে/মূল্যায় ও সহজ শর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৫০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন ক্ষীম গঠন করা হয়েছে। উল্লেখিত ক্ষীম বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এভ স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ মূলে জারিকৃত, যা অত্র বিভাগের সার্কুলার লেটার নং- ১৩২(১২৫০), তারিখঃ ২১/০৭/২০২২ এর মাধ্যমে মাঠ পর্যায়ে জারি করা হয়েছে।

০২। আবর্তনশীল এ ক্ষীমের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে মোট ৩৮০.০০ (তিনশত আশি) কোটি টাকা ঋণ/বিনিয়োগ বিতরণের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উল্লেখিত লক্ষ্যমাত্রা বিভাগওয়ারী নিম্নোক্তভাবে বন্টন করা হলোঃ

(কোটি টাকায়)

ক্রমিক নং	বিভাগের নাম	সিএমএসএমই খাতে মেয়াদী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা
০১.	ঢাকা	৮৬.০০
০২.	ময়মনসিংহ	৫০.০০
০৩.	চট্টগ্রাম	৩৭.০০
০৪.	খুলনা	২৭.০০
০৫.	বরিশাল	১৯.০০
০৬.	সিলেট	২৪.০০
০৭.	কুমিল্লা	৫৭.০০
০৮.	ফরিদপুর	৩৩.০০
০৯.	কুষ্টিয়া	৩৯.০০
১০.	এলগিও	৮.০০
মোট=		৩৮০.০০

০৩। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার বিগত বছরসমূহে সিএমএসএমই ঋণস্থিতি, এ খাতের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরীক্ষে লক্ষ্যমাত্রা বন্টন করবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। বিভাগ, অঙ্গন ও শাখা ভিত্তিক বন্টনকৃত লক্ষ্যমাত্রার একটি অনুলিপি বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক আগামী ০৮/০৯/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগে ইমেইল এর মাধ্যমে প্রেরণ করতে হবে। লক্ষ্যমাত্রা বন্টনকালে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচিত হবেঃ

- ক) বিগত বছরসমূহে সিএমএসএমই ঋণস্থিতি, এ খাতের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরীক্ষে লক্ষ্যমাত্রা বন্টন করতে হবে।
- খ) এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০১৯ এর আলোকে সংজ্ঞায়িত কুটির, মাইজ্রা, স্কুদ্র ও মাঝারি উদ্যোক্তাগণকে প্রদত্ত মেয়াদী ঋণসমূহ এ ক্ষীমের আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য যোগ্য মর্মে বিবেচিত হবে।
- গ) ক্লাস্টারভুক্ত সিএমএসএমই উদ্যোক্তাগণকে সর্বাধিক অগ্রাধিকার প্রদান করতে হবে। এতদ্যৌতীত নারী উদ্যোক্তা, বিশেষ চাহিদসম্পন্ন উদ্যোক্তা এবং যে কোন দুর্যোগে (যেমন: নদীভাঙ্গ, জলচাপ, ঘৰ্ষণকৃত, বন্যা, খরা, মঙ্গ, অগ্নিকান্ত, ভূমিকম্প, ভবনঝর্ণা, কোভিড-১৯ এর ন্যায় অতিমারী ইত্যাদি) ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণ অগ্রাধিকার ভিত্তিতে এ ক্ষীমের আওতায় ঋণ সুবিধা পাবে;
- ঘ) এ ক্ষীমের আওতায় বিতরণকৃত মোট ঋণের ন্যূনতম ৭৫(পঁচাত্তর) শতাংশ কুটির, মাইজ্রা ও স্কুদ্র উদ্যোক্তাদের মাঝে সামঞ্জিকভাবে বিতরণ করতে হবে এবং সর্বোচ্চ ২৫ (পঁচিশ) শতাংশ মাঝারি উদ্যোক্তাদের মাঝে বিতরণ করা যাবে;
- ঙ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক এ ক্ষীমের আওতায় বিতরণকৃত মোট ঋণের ন্যূনতম ৭০(সত্তর) শতাংশ উৎপাদন ও সেবা খাতে এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) শতাংশ ব্যবসা খাতে প্রদান করতে হবে।

চলমান পাতা-০২

Mo

Al


বিষয় : বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০ (পঁচিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন ক্ষীমের আওতায় সিএমএসএমই (CMSME) খাতে মেয়াদী ঝণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

০৪। এই ঝণ/বিনিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি "সিএমএসএমই খাতে মেয়াদী ঝণের বিপরীতে পুনঃঅর্থায়ন ক্ষিম" নামে অবহিত হবে এবং ক্ষিমটির জন্য বরাদ্দকৃত হিসাব উপর্যুক্ত ১০২/৩৪ (সিএমএসএমই পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় মেয়াদী ঝণ), ১৩১/১৮৪ (সিএমএসএমই পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় মেয়াদী ঝণের সুদ আয়) এর মাধ্যমে পরিচালিত হবে। দৈনিক ভিত্তিতে বিতরণকৃত ঝণের তথ্যাদি ব্যাংকের ওয়েব পোর্টালে লিপিবদ্ধ করতে হবে। বাংলাদেশ ব্যাংকে হতে মাসিক ভিত্তিতে পুনঃঅর্থায়ন পাওয়ার লক্ষ্যে পূর্ববর্তী মাসের বিতরণকৃত ঝণ/বিনিয়োগের তথ্যাদি পোর্টালের সাথে মিল রেখে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছক (সংযোজনী-খ) মোতাবেক ক্রেডিট বিভাগে প্রেরণ করতে হবে। বিভাগীয় সাথে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় কর্তৃক প্রকৃত ঝণ বিতরণের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে (সংযোজনী-ক)। এছাড়াও এতদসংক্রান্ত ত্রৈমাসিক অংগতি প্রতিবেদনও বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ছক (সংযোজনী-গ) মোতাবেক প্রতি ত্রৈমাস অন্তে এর অব্যবহিত ০৭ (সাত) দিনের মধ্যে ক্রেডিট বিভাগে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, মাসিক পুনঃঅর্থায়ন এবং ত্রৈমাসিক অংগতি প্রতিবেদন সংক্রান্ত বিবরনীসমূহ একীভূতকরণপূর্বক বিভাগীয় কার্যালয় হতে ক্রেডিট বিভাগে প্রেরণ করতে হবে।

০৫। বাংলাদেশ ব্যাংকে কর্তৃক জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ যথাযথভাবে পরিপালন ও ঝণ/বিনিয়োগ বিতরণের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে বিতরণ, আদায় ও সম্বন্ধবহুর সংক্রান্ত বিষয়াদি তদারকির লক্ষ্যে অত্র ব্যাংকের প্রতিটি বিভাগীয় কার্যালয়ে ০৩ (তিনি) সদস্যবিশিষ্ট একটি মনিটরিং টিম গঠনপূর্বক তাদের নাম, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা আগামী ০১/০৯/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করতে হবে। অনুরূপভাবে আঊফলিক পর্যায়ে মনিটরিং টিম গঠনপূর্বক সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়কে অবহিত করতে হবে।

০৬। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকে কর্তৃক প্রকাশিত এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২, অত্র ব্যাংকের এসএমই ঝণ নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপন্থ নং-২৬/২০১০, তারিখঃ ৩০/১/২০১০ এবং অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরনপূর্বক সিএমএসএমই খাতে মেয়াদী ঝণের বিপরীতে পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় ঝণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। পাশাপাশি পুনঃঅর্থায়ন সুবিধা পাওয়ার লক্ষ্যে চাহিদ তথ্যাদি/বিভাগীয় নির্জনভাবে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত ক্ষিমের ঝণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-


  
 (মুহাম্মদ মস্তুল ইসলাম)  
 উপমহাব্যবস্থাপক  
 ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

সূত্র নং- প্রকা/ক্রেডিট/শাখা-৮(এসএমই)/১১(৪)/২০২২-২৩/ ৮৭৯ (১২২০)

তারিখঃ ৩১/০৮/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত প্রতিটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঊফলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঊফলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

  
 ৮১/০৮/২০২২  
 (মুহাম্মদ মোশাররফ হোসেন)  
 সহকারী মহাব্যবস্থাপক



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ ০২-২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ [dgmsme@krishibank.org.bd](mailto:dgmsme@krishibank.org.bd)

### ক্রেডিট বিভাগ

পত্র নং- প্রকা/ক্রেডিট/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/

১৮০০০ (১১৮০)

তারিখঃ ২৪/১১/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত পুনঃঅর্থায়ন ক্ষীমের আওতায় সিএমএসএমই খাতে চলতি মূলধন হিসেবে মেয়াদী ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণ হিসাবের নতুন খাত খোলা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এভ স্পেশাল ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭, তারিখ ০৮ নভেম্বর, ২০২২ এবং অত্র বিভাগের পত্র নং- ১১৮৪(১২৫০); তারিখঃ ১০/১১/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ এবং বিশ্বব্যাপি মুদ্রাক্ষেত্রের উৎর্ধৰণের কারণে বাংলাদেশের সিএমএসএমই খাতের উদ্যোগাগণও নতুন করে ব্যাপক ক্ষতির সম্মুখীন হচ্ছেন। দেশের অর্থনীতির গতি চলমান রাখার লক্ষ্যে সময়োপযোগী বিভিন্ন কর্মকাণ্ডে উদ্যোগাগণের মেয়াদী ঋণ/বিনিয়োগের পাশাপাশি চলতি মূলধন ঋণ/বিনিয়োগের চাহিদা বৃদ্ধির কারণে উক্ত চাহিদা পূরণে প্রয়োজনীয়তা পরিলক্ষিত হচ্ছে। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন ক্ষীমের আওতায় মেয়াদী ঋণের পাশাপাশি চলতি মূলধন ঋণ হিসেবেও বিতরণ করা যাবে। তবে, মোট বিতরণকৃত ঋণ/বিনিয়োগের ৪০(চার্টার্শ) শতাংশের বেশি চলতি মূলধন খাতে বিতরণ করা যাবে না এবং আলোচ্য প্যাকেজের আওতায় চলতি মূলধন হিসেবে গৃহিত ঋণ কোনভাবেই পণ্য মজুদের (Hoarding) উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।

০৩। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রতিমাসের ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত তথ্য ও বিবরণী নির্ধারিত ছক অনুযায়ী পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে। হিসাবায়নের স্বচ্ছতার স্বার্থে পুনঃঅর্থায়নের আওতায় মেয়াদী ঋণের বিপরীতে চলতি মূলধন ঋণ বিতরণের জন্য নিম্নোক্তভাবে নতুন হিসাব খাত/উপখাত খোলা হয়েছে।

ক্রঃ নং	খাত / উপখাতের শিরোনাম	হিসাব খাত	
		মূল খাত	বরাদ্দকৃত খাত
০১.	সিএমএসএমই পুনঃঅর্থায়ন ক্ষীমের আওতায় চলতি মূলধন ঋণ (Working Capital Loan under CMSME Refinance)	১০১৪	১০১৪/৫
০২.	সিএমএসএমই পুনঃঅর্থায়ন ক্ষীমের আওতায় চলতি মূলধন ঋণের সুদ প্রতিশেষ	১৩১	১৩১/১৯৩
০৩.	সিএমএসএমই পুনঃঅর্থায়ন ক্ষীমের আওতায় চলতি মূলধন ঋণের সুদ আয়	৪৬	৪৬/১৪০

০৪। এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭ এর নির্দেশনা যথাযথ পরিপালনপূর্বক সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন ক্ষীমের আওতায় মেয়াদী ঋণের পাশাপাশি চলতি মূলধন ঋণ বিতরণের ক্ষেত্রে অনুচ্ছেদ নং- ০৩ এ উল্লেখিত নতুন হিসাব খাত/উপখাত ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বাস  
  
 (মোহাম্মদ নাসুরুল ইসলাম)  
 উপমহাব্যবস্থাপক  
 ফোনঃ ০২-২২৩৩-৮৮৯৪৯

বিষয় : বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত পুনঃঅর্থায়ন ক্ষীমের আওতায় সিএমএসএমই খাতে চলতি মূলধন হিসেবে মেয়াদী ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণ হিসাবের নতুন খাত খোলা প্রসঙ্গে।

পত্র নং- প্রকা/ক্রেডিট/শাখা-৮(এসএমই)/১১(৮)/২০২২-২৩/ ২০০৮(৮২৮০)

তারিখ: ২৪/১১/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ড, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত প্রতিটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

১০০৯৭৮  
28/১১/২০২২

(মুহাম্মদ মোশাররফ হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক